অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অফশোর বায়ু প্রশিক্ষণ ও কর্মীবাহিনী বিকাশের জন্য 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন

আটটি SUNY ক্যাম্পাসের নেতৃত্বাধীন কর্মসূচির জন্য অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটের দ্বিতীয় রাউন্ডের অর্থদান যা শিক্ষার্থীদের উদীয়মান অফশোর বায়ু শিল্পখাতে ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে

2023 সালের মে মাসে গভর্নর হোকলের ঘোষিত অনুদানের প্রথম রাউন্ডের অনুবর্তী; SUNY ক্যাম্পাসসমূহজুড়ে 28টি অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য সর্বমোট 8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে কর্মীবাহিনী বিকাশের জন্ময় অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে (Offshore Wind Training Institute, OWTI) প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলারের দ্বিতীয় রাউন্ড প্রদান করা হয়েছে। এই তহবিল আটটি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ক্যাম্পাস পরিচালিত কর্মসূচিকে সমর্থন করবে যা শিক্ষার্থীদেরকে উদীয়মান অফশোর বায়ু শিল্পখাতের ক্যারিয়ারের জন্য প্রস্তুত করতে তৈরি করা হয়েছে। বিজয়ী কর্মসূচিসমূহ নির্মাণকাজ, প্রস্তুতকরণ, স্থাপন, পরিচালনা এবং অফশোর বায়ু ফার্ম রক্ষণাবেক্ষণ করার চাকরির জন্য কর্মীবাহিনী বিকাশ ও প্রশিক্ষণ উদ্যোগসমূহকে সম্প্রসারিত করবে। গভর্নর হোকল এর পূর্বে 2023 সালের মে মাসে অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটের জন্য 4 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম রাউন্ড ঘোষণা করেছিলেন। SUNY ক্যাম্পাসসমূহজুড়ে 28টি অনুদানের জন্য মোট 8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

"পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিয়ে চলেছে, এবং অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউট নিশ্চিত করতে সাহায্য করছে যে আমাদের উচ্চাকাঙ্ক্ষী শক্তি লক্ষ্য অর্জন করার জন্য আমাদের প্রয়োজনীয় চাকরির পদ পূরণ করার জন্য স্টেটের কর্মীবাহিনী প্রস্তুত আছে," **গভর্নর হোকল বলেন।** "এই অনুদান কর্মসূচির মাধ্যমে, আমরা শিক্ষার্থীদের সেই সরঞ্জাম দিয়ে প্রস্তুত করছি যা ভবিষ্যতের পরিচ্ছন্ন শক্তির চাকরির পদ পূরণ করতে এবং আগামী প্রজন্মসমূহের জন্য সবুজতর একটি নিউ ইয়র্ক গঠনের জন্য তাদের প্রয়োজন।"

2020 সালে, অফশোর বায়ু প্রশিক্ষণ কর্মসূচিকে এবং উদীয়মান জাতীয় অফশোর বায়ু শিল্পখাতকে সমর্থন করতে সক্ষম একটি দক্ষ কর্মীবাহিনী স্থাপন করার জন্য প্রয়োজনীয়

শিক্ষামূলক অবকাঠামো অগ্রসর করার জন্য SUNY ফার্মিংডেল স্টেট কলেজ (Farmingdale State College) এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটি (Stony Brook University) এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) সহযোগিতায় 20 মিলিয়ন মার্কিন ডলারের OWTI এর সূচনা হয়। SUNY সিস্টেমের সকল খাত ও অঞ্চলজুড়ে বিতরণ করা 28টি অনুদান প্রদানের জন্য OWTI এই রাউন্ডটিসহ 8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং একক অর্থদানের সর্বোচ্চ পরিমাণ ছিলো 500,000 মার্কিন ডলার।

এই দ্বিতীয় রাউন্ডে, আটটি SUNY ক্যাম্পাসের 12টি কর্মসূচিতে অনুদান বরাদ্দ করা হয়েছে, যার মধ্যে আছে: **অ্যালবানি ইউনিভার্সিটি (University at Albany), বাফেলো ইউনিভার্সিটি (University at Buffalo), ফার্মিংডেল স্টেট কলেজ (Farmingdale State College), হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ (Hudson Valley Community College), SUNY মরিসভিল (SUNY Morrisville), SUNY ওয়ানোন্টা (SUNY Oneonta), SUNY পলিটেকনিক ইনস্টিটিউট (SUNY Polytechnic Institute),** এবং **স্টোনি ব্রুক ইউনিভার্সিটি।**

এইসব অনুদানের আবেদনকারীদেরকে এক বা একাধিক "অগ্রাধিকারকেন্দ্রিক খাতের" জন্য আবেদন করতে বলা হয়েছে, যার মধ্যে রয়েছে অফশোর বায়ু সংশ্লিষ্ট বিদ্যমান SUNY পাঠ্যসূচি সম্প্রসারণ করা; দ্রুত, অভীষ্ট প্রশিক্ষণ চাহিদার সাড়াদান করা; এবং প্রবেশের প্রতিবন্ধকতার সমাধান করা। প্রস্তাবগুলো সমতা ভিত্তিক চাহিদা, তরুণ শিক্ষার্থীদের কাছে দীর্ঘমেয়াদী আউটরিচ, সচেতনতা বাড়ানোর জন্য কমিউনিটি-চালিত প্রচেষ্টা এবং সংযুক্ত বা সংলগ্ন সেক্টরগুলোর সাথে অংশীদারিত্বকে গুরুত্ব প্রদান করেছে।

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "রাষ্ট্রপতি বাইডেন এবং গভর্নর হোকল উভয়ের নির্ধারিত জলবায়ু লক্ষ্য অর্জন করার জন্য অফশোর বায়ু কর্মীবাহিনীকে আগামী কয়েক বছরে উল্লেখজনক পরিমাণ বিকশিত হতে হবে। নিউ ইয়র্কের টেকসই শক্তির ভবিষ্যতের ক্ষমতায়ন করার জন্য উচ্চ দক্ষ, চাহিদাসম্পন্ন কর্মীবাহিনীকে প্রস্তুত করার জন্য কর্মসূচি বিকাশ করতে SUNY এবং অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ এজন্যই কাজ করে চলেছে। নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু লক্ষ্য অগ্রসর করার জন্য SUNY যেই উল্লেখজনক অগ্রগতি করছে তার প্রতিনিধি এই সকল প্রকল্প।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "যেহেতু নিউ ইয়র্কের প্রথম অফশোর বায়ু প্রকল্প পরিচ্ছন্ন শক্তি প্রদান করা শুরু করেছে, তাই এই নতুন এবং আকর্ষণীয় শিল্পখাতে প্রবেশ করতে সক্ষম হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় শিক্ষাগ্রহণ করার এখনই সময়। SUNY সিস্টেম হলো স্টেটের উচ্চতর শিক্ষা ব্যবস্থার একটি ভিত্তিপ্রস্তর, এবং আরো বেশি SUNY ক্যাম্পাসে এইসব অফশোর বায়ু প্রশিক্ষণ সুযোগ নিয়ে আসার মাধ্যমে, অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউট তাদের জন্য এইসব অত্যাধুনিক কর্মসূচিকে আরো অ্যাক্সেসিবল করছে যারা পরিচ্ছন্ন শক্তি অভ্যুত্থানে একটি মুখ্য ভূমিকা পালন করতে চায়।"

ফার্মিংডেল স্টেট কলেজের প্রেসিডেন্ট এবং অফশোর বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক ডাঃ জন এস. ন্যাডার বলেন, "নিউ ইয়র্ক স্টেটে টেকসই অর্থনৈতিক বিকাশের

প্রচারে SUNY এর কেন্দ্রীয় অবস্থানকে OWTI তুলে ধরছে। প্রায় এক ডজন SUNY ক্যাম্পাসকে প্রদত্ত অর্থ শিক্ষার্থীদেরকে এবং কর্মজীবী পেশাদারদেরকে উদীয়মান বায়ু শক্তি শিল্পখাতে ক্যারিয়ারের জন্য প্রস্তুত হতে সাহায্য করবে। OWTI এর জন্য গভর্নর হোকলের সমর্থন এবং সবুজ শক্তি খাতে শিক্ষামূলক সুযোগ অগ্রসর করতে তার প্রতিশ্রুতির জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ।"

স্টোনি ব্রুক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মরি ম্যাকইনিস বলেন, "একটি উচ্চমাত্রার যোগ্যতাসম্পন্ন অফশোর বায়ু কর্মীবাহিনীর জন্য প্রস্তুতি এখনো স্টোনি ব্রুকের জন্য একই অগ্রাধিকার, তাই একটি দক্ষ বায়ু শক্তি প্রতিভার আধারের অতি প্রয়োজনীয় বিকাশ ত্বরান্বিত করতে তার ভিশনারি সমর্থনের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। চ্যান্সেলর কিং, আমাদের SUNY সহযোগী, NYSERDA এবং স্টেট নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্বে, SUNY কে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে নিউ ইয়র্কের সামগ্রিক প্রয়াসের সম্মুখসারিতে নিয়ে আস্তে সাহায্য করার জন্য এইসব প্রয়াসকে ত্বরান্বিত করতে আমরা উন্মুখ।"

স্টনি ব্রুক এবং ফার্মিংডেল যৌথভাবে OWTI-এর সু-প্রতিষ্ঠিত, ডিগ্রি প্রদানকারী এবং নন-ক্রেডিট ওয়ার্কফোর্স প্রোগ্রাম্যাটিক অফারগুলোর পাশাপাশি এর নিউ ইয়র্ক-কেন্দ্রিক নবায়নযোগ্য-শক্তি ভিত্তিক কর্মশক্তির উদ্যোগগুলোকে ব্যবহার করে এটিকে পরিচালনা ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। SUNY কলেজসমূহ এবং সেই সাথে বায়ু শক্তি খাতে কাজ করার জন্য একটি কর্মীবাহিনী ও প্রতিভার আধার গঠনে জড়িত স্টেটের ও স্থানীয় এজেন্সি ও সংগঠনসমূহের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি সমন্বয়ক পরিষদ প্রকল্পটির তত্ত্বাবধান করছে।

NYSERDA এর সাথে মিলে OWTI একাডেমিক, সম্প্রদায়, শিল্পখাত এবং শ্রমিক জোটের একটি নেটওয়ার্ক গঠন করেছে যা 25,000 পর্যন্ত নিউ ইয়র্কবাসীকে নবায়নযোগ্য শক্তি খাতে ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে। উইন্ড-এনার্জি প্রযুক্তির উন্নয়নের জন্য সহযোগিতামূলকভাবে কাজ করার ক্ষেত্রে, ইনস্টিটিউটটি ন্যাশনাল অফশোর উইন্ড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (National Offshore Wind Research and Development Consortium), স্টনি ব্রুকে অবস্থিত এবং NYSERDA কর্তৃক সমর্থিত ও ফার্মিংডেলের ইউএস ডিপার্টমেন্ট অব এনার্জি এবং রিনিউয়াবল এনার্জি অ্যান্ড সাসটেইনাবলিটি সেন্টারের সাথে সমন্বিতভাবে কাজ করার প্রত্যাশা করে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

2023 সালে এর 75তম বর্ষপূর্তি পালন করা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, দেশের সবচেয়ে পুরাতন মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের একটি জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য

অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418